ইত্তেফাক

তারিখ ২৬।১।৮১
পৃষ্ঠা ৩ কলাম ৫

25

# প্রাথমিক শিক্ষকদের আজ 'বিশ্বাস ভঙ্গ' দিবস

( ইত্তেফাক রিপোর্ট )

আজ (মঙ্গলবার) বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আহুত "বিশ্বাস ভঙ্গ দিবস"। 'দিবসে'র কর্মসূচীর মধ্যে রহিয়াছে ছাত্রসমাজের সহযোগিতায় প্রত্যেক জেলা সদরে প্রাথমিক শিক্ষকদের জমায়েত ও পরে জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে দুই ঘণ্টাব্যাপী অবস্থান ধর্মঘট। ঢাকা জেলার প্রাথমিক শিক্ষকগণ আজ সকাল

( ৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

[illegible]

( ১ম পৃঃ পর )

৯টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে জমায়েত শেষে সচিবালয় গেটে গিয়া অবস্থান ধর্মঘট করিবেন।

সরকার কর্তৃক প্রাথমিক শিক্ষকদের প্রতিনিধিদের নিকট প্রদত্ত 'ওয়াদা খেলাফের' প্রতিবাদে সারাদেশে প্রাথমিক শিক্ষক ধর্মঘটের আজ বিংশতিতম দিবস। প্রাথমিক শিক্ষকদের কর্মসূচীর সমর্থনে 'ডাকসু', 'চাকসু', 'ইউকসু', 'জাকসু' ও 'ঢামেকসু' এবং ১১টি প্রধান ছাত্র সংগঠন আজ দেশব্যাপী শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রধর্মঘট আহ্বান এবং শিক্ষকদের সমাবেশ ও মিছিলে ছাত্রদের অংশগ্রহণের অনুরোধ করিয়াছেন।

গতকাল এই উপলক্ষে সকালে মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবন প্রাঙ্গণে জমায়েত হন এবং পরে বিক্ষোভ মিছিল সহকারে বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করেন।

বিভিন্ন রাজনৈতিক ও শিক্ষক সংগঠন ও অন্যান্য সংস্থা প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি সমর্থন জানাইয়াছে।